দৈনিক সংবাদ

তারিখ 24.AUG 1998

পৃঃ 7 কলাম 7

# 'ভাল কলেজে' ভর্তি হতে পারবে না এসএসসি উত্তীর্ণ লক্ষাধিক শিক্ষার্থী

রাশেদ আহমেদ ।। চলতি বছর উচ্চ মাধ্যমিক শ্রেণীতে লক্ষাধিক মেধাবী ছাত্রছাত্রী 'ভাল কোন' কলেজে ভর্তি হতে পারবে না। এ বছর এসএসসি পরীক্ষায় ৫টি শিক্ষা বোর্ডের অধীনে ১ লাখ ৫৩ হাজার ৫শ' ৭৯ জন ছাত্রছাত্রী প্রথম বিভাগ পেয়ে উত্তীর্ণ হয়েছে। কিন্তু দেশে মানসম্মত একশ' ভাল কলেজে আসন সংখ্যা ৫০ হাজারের মতো। বাকি ১ লাখ ৩ হাজার ৫শ' ৭৯ জন প্রথম বিভাগপ্রাপ্ত ছাত্রছাত্রী এসব শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়া থেকে বঞ্চিত হবে।

আগামী সেপ্টেম্বর মাস থেকে বিভিন্ন সরকারি ও বেসরকারি কলেজে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তি প্রক্রিয়া শুরু হবে। ঢালাওভাবে নম্বরের ভিত্তিতে ভর্তি প্রক্রিয়া বাতিল করে এবার লিখিত পরীক্ষা পদ্ধতি প্রবর্তন করা হয়েছে। ভর্তি ক্ষেত্রে মেধা যাচাই হবে মোট ২০০ নম্বরের মানদণ্ডে। এর মধ্যে ১০০ নম্বরের লিখিত পরীক্ষা দিতে হবে। বাকি ১০০ নম্বর হচ্ছে এসএসসিতে প্রাপ্ত নম্বরের মান; অর্থাৎ ছাত্রছাত্রীর এসএসসিতে প্রাপ্ত নম্বরের শতকরা ১০ ভাগ ও ভর্তির লিখিত পরীক্ষায় পাওয়া নম্বরের সমষ্টি দিয়ে মেধা যাচাই করা হবে ভাল কলেজগুলোতে। ৫টি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা এ পদ্ধতি প্রণয়ন করেছেন। শিক্ষামন্ত্রী এএসএইচ কে সাদেক গত ১৮ই আগস্ট এই নতুন পদ্ধতি অনুমোদন করেন। সংশ্লিষ্ট এক সূত্র এ তথ্য দিয়েছে।

সূত্র জানিয়েছে, সেপ্টেম্বরের মাঝামাঝি সময় থেকে সরকারি কলেজগুলোতে ভর্তি প্রক্রিয়া শুরু করার নির্দেশ দেয়া হচ্ছে। সেপ্টেম্বরের মধ্যেই ভর্তি শেষ করার নির্দেশ থাকবে। তবে বিভিন্ন সরকারি কলেজে ভর্তি পরীক্ষা হবে কয়েকদিনের ব্যবধানে, যাতে করে একজন ছাত্রছাত্রী ২/৩টা শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন করার সুযোগ পায়।

সূত্র মতে, দেশে সরকারি কলেজের সংখ্যা ২৩২টি। বেসরকারি কলেজ ৮৪২টি। এছাড়া কয়েকটি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। সব মিলিয়ে ১১শ'র মতো শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে পড়ার জন্য। এর মধ্যে প্রতিষ্ঠিত ভাল কলেজের সংখ্যা একশ'র বেশি নয়। এই একশ' কলেজে গড়ে ৫০০ করে আসন থাকলে ৫০ হাজার ছাত্রছাত্রী ভর্তির সুযোগ পাচ্ছে। কিন্তু চলতি বছর এসএসসিতে ৫টি বোর্ডে প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে ১ লাখ ৫৩ হাজার ৫শ' ৭৯ জন। বাকি ১ লাখ ৩ হাজার ৫শ' ৭৯ জন প্রথম বিভাগপ্রাপ্ত ছাত্রছাত্রী ভাল কলেজে ভর্তির সুযোগ পাচ্ছে না। এ বছর ৫টি শিক্ষা বোর্ড থেকে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে ১ লাখ ৯০ হাজার ১শ' ৬২ জন এবং তৃতীয় বিভাগ পেয়েছে ২ হাজার ৬শ' ৯৪ জন ছাত্রছাত্রী। এসব ছাত্রছাত্রীর জন্যে অপেক্ষা করছে দেশে গড়ে উঠা বিভিন্ন বেসরকারি কলেজ, যেগুলোর লেখাপড়ার মান উন্নত নয়। এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের পর পরই প্রতিবছরের মতো এবারও ছাত্রছাত্রী ও সংশ্লিষ্ট অভিভাবকদের মধ্যে শুরু হয়েছে ভাল কলেজে ভর্তির নানা উদ্বেগ-উৎকণ্ঠা। ইতোমধ্যে ভর্তির তদ্বির নিয়ে এরা ধরনা দিচ্ছে সমাজের প্রভাবশালী ব্যক্তিবর্গের কাছে, কেউ কেউ বিভিন্ন কলেজ ও শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের কাছে। এ সম্পর্কে কয়েকটি কলেজের শিক্ষকরা অভিমত ব্যক্ত করেছেন, দেশে গড়ে উঠা বেসরকারি কলেজগুলোকে মানসম্মত করা গেলে ভর্তি নিয়ে এই উদ্বেগ-উৎকণ্ঠা থাকত না।